

তারিখ : ১২ই অক্টোবর, ২০২৬

শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম কার্যালয়ে ব্যবহৃত পুরাতন মালামাল (স্ক্র্যাপ/অবশিষ্ট সামগ্রী) বর্তমানে পরিত্যক্ত-যেখানে যে অবস্থায় আছে বিক্রয় করা হবে। উল্লেখিত মালামাল ক্রয় করতে আগ্রহী ব্যক্তিবর্গকে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণকরত অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে :

মালামাল বিক্রয়ের নিয়মাবলী

- ⇒ অংশগ্রহণকারী ব্যক্তিবর্গ / প্রতিষ্ঠানের প্রতিনিধিকে সকল পণ্য (স্ক্র্যাপ/অবশিষ্ট সামগ্রী) বর্তমানে পরিত্যক্ত-যেখানে যে অবস্থায় আছে একত্রে ক্রয় করতে হবে। পৃথকভাবে বাছাইকরে নির্দিষ্ট মালামাল ক্রয় প্রযোজ্য নয়।
- ⇒ আগামী ১৫ই অক্টোবর, ২০২৬ তারিখ বৃহস্পতিবার দুপুর ১ঃ৩০ ঘটিকায় মধ্যে মালামালের দরপত্র জমা প্রদান করতে হবে।
- ⇒ আগামী ১৩ই অক্টোবর, ২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ১০ঃ০০ ঘটিকায় বিসিবি কার্যালয় থেকে মালামালের তালিকা সংগ্রহ করা যাবে।
- ⇒ বিক্রিত পণ্যের মূল্য ব্যাংক ড্রাফট / ক্রস চেক / নগদ-এর মাধ্যমে ২৪ ঘন্টার মধ্যে পরিশোধ করতে হবে। সর্বোচ্চ দরদাতা উল্লেখিত সময়ের মধ্যে পণ্যের মূল্য পরিশোধে ব্যর্থ হলে সেক্ষেত্রে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে নির্বাচিত করা হবে।
- ⇒ নির্বাচিত ব্যক্তি / প্রতিষ্ঠানের প্রতিনিধি (সর্বোচ্চ দরদাতা) পণ্যের মূল্য (ব্যাংক ড্রাফট / ক্রস চেক / নগদ) পরিশোধ করতঃ ২৪ ঘন্টার মধ্যে সমস্ত মালামাল বুঝিয়া নিতে বাধ্য থাকিবেন।
- ⇒ নির্ধারিত সময়ের মধ্যে সকল মালামাল বিসিবি'র কার্যালয় থেকে নির্বাচিত ব্যক্তি / প্রতিষ্ঠানের প্রতিনিধি (সর্বোচ্চ দরদাতা) স্থানান্তরে ব্যর্থ হলে সেক্ষেত্রে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামালের জন্য নির্বাচিত করা হবে এবং প্রথম সর্বোচ্চ দরদাতার পরিশোধকৃত মূল্য হতে ২৫% কর্তন করে অবশিষ্ট মূল্য পরবর্তী ১০ কার্যদিবসের পর ফেরত প্রদান করা হবে।
- ⇒ বিক্রিত মালামাল স্থানান্তরের জন্য সার্বিক খরচাদি দরদাতাকেই বহন করতে হবে।
- ⇒ উল্লেখ থাকে যে, কোন কারণ দর্শানো ব্যতীতই কোন সময়ে উক্ত বিক্রয় কার্যক্রম বাতিল / স্থগিত / পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বিঃদ্রঃ গত ১১ই অক্টোবর, ২০২৬ তারিখ প্রকাশিত 'দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি' বাতিল করা হলো।

কর্তৃপক্ষের আদেশক্রমে-
ইনচার্জ, টেন্ডার এন্ড পারচেজ, বিসিবি।